

# Times Today BD

জেলা প্রতিনিধি | জেলার খবর | 18 April, 2025

কুড়িগ্রামের ফুলবাড়ীতে এসএসসি পরীক্ষা খারাপ হওয়ায় রোমানা আফরোজ রিয়া (১৬) নামে এক পরীক্ষার্থী গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করেছে।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় উপজেলার কাশিপুর ইউনিয়নের কলেজ মোড় এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত রোমানা আফরোজ রিয়া উপজেলার কাশিপুর ইউনিয়নের কলেজ মোড় এলাকার আব্দুল রবের মেয়ে গংগাহাট এম এ এস উচ্চ বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থী।

ঘটনাটি নিশ্চিত করেছেন ফুলবাড়ী থানার অফিসার ইনচার্জ (ওসি) শরিফুল ইসলাম। তিনি জানান, প্রাথমিকভাবে নিহতের পরিবার ও স্থানীয়দের সঙ্গে কথা বলে জানা গেছে, ইংরেজি দ্বিতীয় পত্র পরীক্ষা খারাপ হওয়ার কারণে আত্মহত্যা করেছে মেয়েটি।

নিহতের পরিবারের সূত্রে জানা যায়, আজ এস এস সি ইংরেজি দ্বিতীয় পত্রের পরীক্ষার পর থেকেই মন খারাপ করে সারাক্ষণ রুমে ছিল রোমানা। এক পর্যায়ে পরিবারের অজান্তে রুমের দরজা বন্ধ করে আঁড়ার সঙ্গে ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করে সে। সন্ধ্যা সাড়ে ৭টার দিকে তার মা তাকে ডাকার জন্য গেলে দরজা বন্ধ পায়। মেয়েকে ডাকলে কোনো সাড়াশব্দ না পাওয়া গেলে দরজা ভেঙ্গে রুমে ঢুকে দেখতে পান মেয়ের নিখর দেহ আঁড়ার সঙ্গে ঝুলছে। পরে নিহতের মায়ের চিৎকারে প্রতিবেশিরা ছুটে আসেন।

খবর পেয়ে রাত সাড়ে ৮টার দিকে পুলিশের একটি টিম ঘটনাস্থলে গিয়ে শিক্ষার্থীর ঝুলন্ত

মরদেহ উদ্ধার করে।

কুড়িগ্রাম আত্মহত্যা এসএসসি পরীক্ষা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 13:28

URL: <https://timestodaybd.com/countrywide/984827832>